বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৮ তারিখঃ ০৪/১২/২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলী ব্যাংক
ও
সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একু্যইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানার্যারশীপ ফান্ড (ইইএফ) - কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে ইইএফ সহায়তা প্রদান ।

ইইএফ সার্কুলার নং-২১ তারিখ-০৯/০৮/২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে । উক্ত সার্কুলারে উল্লেখিত ছিল যে, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ইইএফ সহায়তার জন্য প্রকল্প প্রস্তাবনা যা ইতিমধ্যেই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয়েছে সেগুলোর মূল্যায়ন স্থগিত থাকবে, তবে মূল্যায়নের জন্য ইতিমধ্যে ০৯/০৮/২০০৫ তারিখ পর্যন্ত গৃহীত প্রকল্পের তালিকা অবিলম্বে বাংলাদেশ ব্যাংকে সরবরাহ করতে হবে । এছাড়া পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নতুন ইইএফ সহায়তার আবেদন গ্রহণ করা স্থগিত থাকবে মর্মেও উল্লেখিত সার্কুলারে নির্দেশনা ছিল ।

এক্ষণে, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে ইইএফ সহায়তার জন্য নতুনভাবে কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্প প্রস্তাব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ উদ্যোক্তাদের নিকট হতে গ্রহণ করবে ঃ

০১) যে সমস্ত নতুন/অভিজ্ঞতা সম্পন্ন উদ্যোক্তা, সৃজনশীল, দক্ষতা সম্পন্ন এবং সম্ভাবনাময় কেবল তারা প্রকল্পের অনুকূলে ইইএফ সুবিধার জন্য আবেদন করতে পারবেন;

০২) মোট প্রকল্প ব্যয় সর্বনিম্ন ০.৫০ কোটি টাকা হতে সর্বোচ্চ ১০.০০ কোটি টাকা হতে হবে ;

০৩) ব্যাংক ঋণসহ কোন প্রকার প্রকল্প প্রস্তাব ইইএফ সহায়তার জন্য বিবেচনা করা হবে না;

০৪) ইইএফ তহবিলের ১ম কিস্তি ছাড়ের ৯ মাসের মধ্যে ব্যবসা শুরু করার লক্ষ্যে বিনিয়োগের সুনির্দিষ্ট উদ্যোগ নিতে হবে ;

০৫) ইইএফ তহবিলের ১ম কিস্তি ছাড়ের ৪ বছরের মধ্যে সরকারের নামে ইস্যুকৃত শেয়ারের ২০% বাই-ব্যাক করতে হবে ;

০৬) অবশিষ্ট সরকারী শেয়ারসমূহ ২০% হারে (মোট সরকারী শেয়ারের) ১ম কিস্তি ছাড়ের ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম বছরের মধ্যে বাই-ব্যাক করতে হবে । কোন কোম্পানী ইচ্ছা করলে সম্পূর্ণ সরকারী শেয়ার ৪ বৎসরের পূর্বে এবং এর চেয়ে কম সংখ্যক কিস্তিতেও বাই-ব্যাক করতে পারবে ;

০৭) ইইএফ ইউনিটকে অবহিত না করে ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন বা ব্যবসা বন্ধ করা যাবে না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

চলমান পাতা...২

০৮) মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ইইএফ সহায়তার অর্থ প্রকল্পে বিনিয়োগ না করলে/ব্যবসা বন্ধ করলে বা প্রকল্পের অস্তিত্ব না পাওয়া গেলে কারণ দর্শানো নোটিশ জারী করে বিনিয়োগ চুক্তি বাতিলক্রমে সমমূলধন হিসাবে সহায়তাপ্রাপ্ত অর্থ ঋণে রূপান্তর করে তা আদায়ের জন্য দেশের প্রচলিত আইনের আওতায় যথাযথ আইনী পদক্ষেপ গ্রহন করার বিষয়ে ইনভেষ্টমেন্ট এগ্রিমেন্টে সুস্পষ্ট শর্ত আরোপ করতে হবে । এ বিষয়ে কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেল্‌স অব এসোসিয়েশনেও সুস্পষ্ট শর্ত সন্নিবেশিত থাকতে হবে ।

কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে ইইএফ সহায়তা প্রদানের লক্ষ্যে আগ্রহী উদ্যোক্তাগণের নিকট হতে EOI (Expression of Interest) আহবান করা হবে যা পরবর্তীতে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে । দাখিলকৃত EOI ইইএফ কর্তৃক যাচাই করে যোগ্য উদ্যোক্তাদের একটি তালিকা প্রস্তুত করা হবে । পরবর্তীতে তাদেরকে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা দাখিলের পরামর্শ দেয়া হবে ।

ইইএফ কর্তৃক কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অগ্রাধিকার খাতসমূহ উল্লেখ করা হ'ল ঃ

কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অগ্রাধিকার খাত

০১) **কৃষিঃ**

০১) হাইব্রীড বীজ উৎপাদন (ধান, ভূট্টা, সব্জী ও তরমুজ) ।

০২) বাণিজ্যিকভাবে টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে আলু বীজ উৎপাদন ।

০৩) বাণিজ্যিকভাবে ফুল, অর্কিড চাষ (রপ্তানী বাজারের জন্য) ।

০৪) বাণিজ্যিকভাবে সরু/সুগন্ধি চাল (রপ্তানী বাজারের জন্য/রপ্তানীর জন্য এবং প্রকৃত রপ্তানীকারক যাচাই-বাছাই সাপেক্ষে) ।

০৫) মাশরুম চাষ প্রকল্প ।

০২) **মৎস্য ঃ**

০১) মৎস্য প্রক্রিয়াজাতকরণ ভিত্তিক শিল্প (Post Harvest Processing/Preservation) ।

ক) IQF Plant স্থাপন (Individual Quick Freezing/Fish Processing) ।

খ) মূল্য সংযোজিত মৎস্যজাত খাদ্য উৎপাদন (Value added fish product development and marketing) ।

গ) আধুনিক পদ্ধতিতে শুটকীমাছ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ (Dehydrated fish plant) ।

০২) মৎস্য চাষ ও হ্যাচারী ঃ

ক) বাণিজ্যিকভাবে high value মাছের খামার ও হ্যাচারী স্থাপন ।

খ) হ্যাচারীসহ মৎস্য চাষ (Selective)।

০৩) খাদ্য উৎপাদন ভিত্তিক শিল্প ঃ

ক) মৎস্য ও পশুজাত গুণগত মানসম্পন্ন (Balanced Feed) খাদ্য উৎপাদন ভিত্তিক শিল্প ।

০৩) **পশুসম্পদঃ**

০১) পশুজাত খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ ভিত্তিক শিল্প স্থাপন ঃ

ক) দুধ, ডিম প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট (Meat, Milk, Egg processing and further processing plant) ।

খ) মাংস প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট (আধুনিক কসাইখানাসহ) ।

চলমান পাতা...৩

০২) পশু স্বাস্থ্য রক্ষা ও ব্যবস্থাপনা ভিত্তিক শিল্প স্থাপন ঃ

ক) গবাদি পশু/হাঁস-মুরগীর রোগ নির্ণয়/চিকিৎসার জন্য ও হাসপাতাল স্থাপন (Livestock and Poultry disease diagnostic laboratory and hospital) ।

০৩) পোল্ট্রি উৎপাদন ভিত্তিক শিল্প ঃ

ক) গ্রেট-গ্র্যান্ড প্যারেন্ট, গ্র্যান্ড প্যারেন্ট ও প্যারেন্ট ষ্টক খামার ।

০৪) ভবিষ্যতে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোনও খাত এবং শর্ত ইইএফ কর্তৃক যুক্ত করা যেতে পারে ।

ইইএফ নীতিমালা অনুযায়ী কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পসমূহ মূল্যায়নের জন্য পেশাগত দক্ষতাসম্পন্ন ফিন্যান্সিয়াল এনালিষ্ট ও অভিজ্ঞতাসম্পন্ন বিশেষজ্ঞ সমন্বয়ে কমপক্ষে তিন সদস্য বিশিষ্ট প্রকল্প মূল্যায়ন কমিটি গঠন করতে হবে । কমিটি ইইএফ নীতিমালার সাথে সংগতি রেখে প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নপূর্বক সুস্পষ্ট মতামত সহকারে মূল্যায়ন প্রতিবেদন দাখিল করবে । মূল্যায়ন প্রতিবেদনে বিশেষজ্ঞ কমিটির সকল সদস্যের স্বাক্ষর থাকতে হবে । ইইএফ সহায়তা প্রদান করা বা না করার বিষয়ে মূল্যায়ন প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকলে ইইএফ ইউনিট সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব বিবেচনা করবে না ।

মূল্যায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়নকৃত প্রকল্প প্রস্তাব ইইএফ ইউনিটে প্রেরণ ইইএফ সহায়তা প্রদানের নিশ্চয়তা বিধান করবে না ।

এ পর্যন্ত জারিকৃত ইইএফ সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১৬৩৬৫০